



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.১৯/ ২০৪

তারিখ: ১৫ মার্চ ২০২১

অফিস আদেশ


আগামী ১৭ ই মার্চ ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী সূষ্ঠ ও সুচারুরূপে উদ্‌যাপনের লক্ষ্যে গত ০৭-০৩-২০২১ তারিখে চেয়ারম্যান, পেট্রোবাংলার সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বাপেক্স কর্তৃক গৃহীত নিম্নবর্ণিত কর্মসূচী কোম্পানির আঞ্চলিক কার্যালয়, বিভিন্ন খনন/ওয়ার্কওভার প্রকল্প, গ্যাসক্ষেত্রসমূহ ও অন্যান্য স্থাপনায় যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য নির্দেশ প্রদান করা হলো:

কর্মসূচীসমূহ:

(ক)	জাতীয় পতাকা উত্তোলন:	১৭ ই মার্চ ২০২১ তারিখে স্ব স্ব কার্যালয়ে পতাকা বিধিমালা ১৯৭২ অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
(খ)	ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন:	কোম্পানির সকল স্থাপনায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করবে।
(গ)	প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউন ইত্যাদির মাধ্যমে ভবন সজ্জিতকরণ:	বঙ্গবন্ধুকে শ্রদ্ধা জানিয়ে কোম্পানির সকল স্থাপনা প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউন ইত্যাদির মাধ্যমে ভবন সজ্জিত করবে।
(ঘ)	জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ:	কোম্পানির সকল স্থাপনায় স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করবে।
(ঙ)	জন্ম শতবার্ষিকীর কর্মসূচীর ভিডিও/তথ্যচিত্র সংরক্ষণ ও প্রধান কার্যালয়ে প্রেরণ:	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচীর ভিডিও/তথ্যচিত্র সংরক্ষণকরতঃ তা আইসিটি উপবিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।

এতদ্ব্যতীত, কোম্পানির আঞ্চলিক কার্যালয়, বিভিন্ন খনন/ওয়ার্কওভার প্রকল্প, গ্যাসক্ষেত্রসমূহ ও অন্যান্য স্থাপনা প্রধানগণ স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সময়সূচী অনুযায়ী যথাযথ কর্মসূচী গ্রহণ ও তা বাস্তবায়ন করবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ:

- ১। মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, বাপেক্স, চট্টগ্রাম।
- ২। ডিআইসি/এফআইসি/স্থাপনা প্রধান-----বাপেক্স।
- ৩। উপমহাব্যবস্থাপক (আইসিটি), বাপেক্স, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহকারে)
- ৪। ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
- ৫। অফিস কপি।